



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

প্রেস বিজ্ঞপ্তি

০৮/১২/২০২৪

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নবনিযুক্ত উপ-উপাচার্যের যোগদান

(০৮/১২/২০২৪): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম আজ রোববার সকালে যোগদান করেছেন। উপাচার্য দপ্তরে সকালে যোগদান অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল আওয়াল, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর গত ০৩ ডিসেম্বর খুলনা বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিনের অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলামকে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য হিসেবে নিয়োগ দেন।

যোগদান অনুষ্ঠানে নবনিযুক্ত উপ-উপাচার্যকে মাননীয় উপাচার্য স্বাগত জানান। এসময় উপ-উপাচার্য অধ্যাপক মোঃ নজরুল ইসলাম শিক্ষকদের উদ্দেশে বলেন, আমি শিক্ষক, পড়াতে চাই, শিখতে চাই। শিক্ষক মানে শেখার বিষয়। শিক্ষকরা মানুষ গড়ার মূল কারিগর। শিক্ষার্থী ছাড়া তাদের আর কিছু ভাবার নেই। শিক্ষকরা বিশ্ববিদ্যালয় চালাবেন শিক্ষার্থীদের বিষয়টি মাথায় রেখে। সর্বোপরি শিক্ষক-শিক্ষার্থীরা মিলে বিশ্ববিদ্যালয় চলবে। উপ-উপাচার্য হিসেবে চেয়ারে বসার পর আমি আবেগ দ্বারা তড়িত না হয়ে বিবেক দ্বারা পরিচালিত হব।

উপ-উপাচার্য শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, ০৫ আগস্টের আগে পরে শিক্ষার্থীরা পরিপক্বতার পরিচয় দিয়েছে। দ্বিতীয় স্বাধীনতা অর্জনে শিক্ষার্থীদের চমৎকার ভূমিকা ছিল। এই স্বাধীনতা ধরে রাখতে হবে। এখন যেহেতু সরকার সুন্দরভাবে দেশ পরিচালনা করছে, তাই শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রমে মনোনিবেশ করা উচিত। শিক্ষার বিষয়টিতে তাদের অগ্রাধিকার দেওয়া দরকার। প্রয়োজন হলে তারা আবার রাজপথে ফিরে আসবে।

অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম ১৯৯১ সালে খুলনার পাইকগাছার বিএনএসএস হাইস্কুল থেকে এসএসসি এবং ১৯৯৩ সালে খুলনা সিটি কলেজে থেকে এইচএসসি পাশ করেন। ১৯৯৯ সালে খুলনা বিশ্ববিদ্যালয় থেকে বনবিদ্যায় বিএসসি (অনার্স), ২০০২ সালে মাস্টার্স সম্পন্ন করেন। পরবর্তীতে তিনি এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (এআইটি), থাইল্যান্ড থেকে পাল্ল অ্যান্ড পেপার টেকনোলজিতে আরেকটি মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। ২০০৮ সালে জাপানের টোকিও ইউনিভার্সিটি অব এগ্রিকালচারার অ্যান্ড টেকনোলজি (টিইউএটি) থেকে পিএইচডি ডিগ্রী লাভ করেন এবং জেএসপিএস পোস্ট-ডক্টরাল ফেলো হিসেবে সেখানে কাজ করেন। তিনি কানাডার ইউনিভার্সিটি অব কুইবেক এবং মালয়েশিয়ার দুইটি বিশ্ববিদ্যালয় থেকে আরও দুটি পোস্ট-ডক্টরাল গবেষণা সম্পন্ন করেন।

অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলামের গবেষণার অন্যতম ক্ষেত্র বিশেষত টেকসই জীবন ব্যবস্থাপনা উন্নয়ন, বায়ো-বেজড কম্পোজিটস, কাঠ সংরক্ষণ, বায়ো- আঠা এবং উদ্ভিদ সম্পদ থেকে কাগজ পণ্য



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

উৎপাদনের ওপর। তার গবেষণার ফলাফল আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত। তিনি ৯১টি পিয়ার-রিভিউড আর্টিকেল এবং ১৭টি বই/ জার্নালে প্রকাশিত হয়েছে। তিনি জলবায়ু পরিবর্তন, সুন্দরবন এবং উদ্যোগ উন্নয়ন নিয়ে একাধিক প্রকল্পে কাজ করেছেন। তার পূর্ববর্তী ২৫টি গবেষণা প্রকল্পে বনজ সম্পদ ব্যবস্থাপনা ও পণ্য উৎপাদন নিয়ে কাজ করেছেন। যেগুলো জিআইজেড, বিশ্বব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় রিসার্চ সেল (কেইউআরসি) এবং শিক্ষা মন্ত্রণালয়সহ বিভিন্ন সংস্থার মাধ্যমে পরিচালিত হয়েছে। অধ্যাপক ড. নজরুল ইসলাম খুলনা বিশ্ববিদ্যালয় ছাড়াও জাপানের টোকিওর টুয়াট, কানাডার কুইবেক, মালয়েশিয়ার সেইনস বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন। তিনি ভারত, শ্রীলংকা, মালদ্বীপ, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, ফিলিপাইন, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, কানাডা, তুরস্ক, থাইল্যান্ডসহ ২৫টির বেশি দেশ ভ্রমণ করেছেন। তিনি খুলনার পাইকগাছার বাসিন্দা।

বার্তা প্রেরক
স্বাক্ষরিত/-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

অতিরিক্ত পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নংঃ-০১৭১১৯৪২২১২

faruk_kantho@yahoo.com